

۲۰۸

## বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমিস্টার

পত্র : DSE-B-1

## (বাংলা শিশু-কিশোর সাহিত্য)

ପୂର୍ଣ୍ଣମାନ - ୬୫

ପ୍ରାତନିଥିତ ସଂଖ୍ୟାଗୁଣ ପୂର୍ଣ୍ଣମାନ ନିର୍ଦେଶକ ।  
ଉତ୍ତର ଯଥାସଂକ୍ରାନ୍ତ ନିଜେର ଭାସ୍ୟାର ଲେଖା ବାଙ୍ଗନୀୟ ।

- |   |    |
|---|----|
| ১। (ক) ‘ক্ষীরের পুতুল’ গ্রন্থে অবনীন্দ্রনাথ ঠাকুর যে সমাজের চিত্র অঙ্কন করেছেন, তার স্বরূপ আলোচনা করো।  | ১০ |
| অথবা,   |    |
| (খ) ‘সুখু আর দুখু’ গল্পে রূপকথার পাশাপাশি উঠে এসেছে সাধারণ মানুষের ছবি। — আলোচনা করো।   | ১০ |
| ২। (ক) “যাহা আজগুবি, যাহা উদ্ভট, যাহা অসন্তুষ্ট— তাহাদের লইয়াই এই পৃষ্ঠাকের কারবার।” — ‘আবোল-তাবোল’ গ্রন্থের পাঠ্য ছড়াগুলি অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। | ১০ |
| অথবা,   |    |
| (খ) ‘পক্ষিরাজ’ কবিতাটি ছেলেভুলানো ছড়া হিসেবে কতটা সার্থক হয়েছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও।  | ১০ |
| ৩। (ক) লক্ষ্মী শহর, টাঙ্গা, একাগাড়ি—হরিদ্বার, লছমনরোলা— সবকিছু ধরা পড়েছে তোপসে চরিত্রের কিশোর দৃষ্টির মুন্ধতায়। — আলোচনা করো।                            | ১০ |
| অথবা,   |    |
| (খ) কিশোর সাহিত্যে অ্যাডভেঞ্চারের গল্পের ধারায় কাকাবাবু সিরিজের ‘সবুজদ্বীপের রাজা’ রচনাটি কতখানি সার্থক হয়ে উঠেছে, তা আলোচনা করো।                         | ১০ |
| ৪। ঘষ্টী ঠাকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।  | ৫  |
| অথবা,   |    |
| ‘কিরণমালা’ গল্পে অতিপ্রাকৃত উপাদানের প্রয়োগ সম্পর্কে লেখো।   | ৫  |
| ৫। “নারদ! নারদ!” কবিতাটির অন্তর্নিহিত অর্থ সংক্ষেপে আলোচনা করো।   | ৫  |
| অথবা,   |    |
| ছড়াকার রূপে অনন্দাশঙ্কর রায়ের যে-কোনো দটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।   | ৫  |

৬। ‘গণেশ গুহ’ চারিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

**অথবা,**

“সন্তু জীবনে এই প্রথম দেখল, কাকাবাবুর চোখে জল” — প্রসঙ্গ উল্লেখ করো। ৫

৭। টিকা লেখো (যে-কোনো একটি) : ৫×১

- (ক) ক্ষুধার্ত যষ্ঠী ঠাকরণের উদরপূর্তির উপায়
- (খ) একুশে আইন
- (গ) ‘বাদশাহী আংটি’ উপন্যাসের ভুলভুলাইয়া।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

- (ক) ছেলের বউ হিসেবে কোন দেশের রাজকন্যাকে রাজা পছন্দ করেছিলেন ?
  - (খ) স্বপ্নের রাজ্যে খই-য়ের মোরা কে তৈরি করতেন ?
  - (গ) ঝঃপোর গাছ, সোনার পাথি, মানিক দানা কোথায় পাওয়া যাবে ?
  - (ঘ) স্নান করার আগে প্রসাধনের জন্য সুখুর কত সময় লেগেছিল ?
  - (ঙ) দুর্যোরাণী নিজের জন্য কী উপহার আনার কথা জানিয়েছিলেন ?
  - (চ) ছাগল ফন্দি করে কী করেছিল ?
  - (ছ) গঙ্গারাম কোন অসুখে ভোগে ?
  - (জ) ‘খুকু ও খোকা’ কবিতাটির রচনাকাল উল্লেখ করো।
  - (ঝ) ‘কাটাকুটি খেলা’ ছড়াটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?
  - (ঝঃ) ‘ঢাকাই ছড়া’-য় কোন দেশের ভ্রমণের কথা উল্লিখিত হয়েছে ?
  - (ট) ডাক্তার শ্রীবাস্তবকে ফলো করছিল কোন গাড়ি ?
  - (ঠ) তোপসে ফেলুদাকে সারাদিনের ঘটনাগুলি কোথায় লিখতে দেখেছিল ?
  - (ড) ফেলুদা তোপসেকে নিয়ে হরিদ্বারের কোন ঘাটে বসেছিল ?
  - (ঢ) সন্তুর বাবা-মায়ের কোথায় যাওয়ার কথা ছিল ?
  - (ণ) প্রীতম সিং-এর সাহায্যে কে জারোয়াদের ছবি তুলেছিল ?
-